

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

১৫/১
১৫.০১.২০২৪

স্মারক নম্বর: ৩৭.২৬.০০০০.১১৪.২৩.০০১.২২-১০

তারিখ: ১৯ই পৌষ ১৪৩০
০৩রা জানুয়ারি ২০২৪

বিষয়: মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠেয় জাতীয় সেমিনারের জন্য প্রবন্ধের সার-সংক্ষেপ (abstract) আহ্বান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আগামী ২৩শে ফেব্রুয়ারি ২০২৪ তারিখে দিনব্যাপী একটি জাতীয় সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। উক্ত সেমিনারের প্রতিপাদ্য 'তথ্যপ্রযুক্তি এবং বাংলা ভাষার উন্নয়ন ও ব্যবহার'।


মূল প্রতিপাদ্যের আলোকে যে সমস্ত বিষয়ে প্রবন্ধ রচনা করা যেতে পারে, সেগুলো নিম্নরূপ:

১. তথ্যপ্রযুক্তি ও বাংলা ভাষা: বর্তমান চিত্র;
২. বানান;
৩. করপাস;
৪. মেশিন ট্রান্সলেশন;
৫. ফন্ট ডেভেলপমেন্ট;
৬. আইপিএ;
৭. সেন্টিমেন্ট অ্যানালাইসিস;
৮. POS ট্যাগিং;
৯. বিবিধ।

০২। জাতীয় সেমিনারের জন্য আগামী ২৯শে জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়সমূহ অবলম্বনে আপনার অথবা আপনার বিভাগ বা প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষক/গবেষক/প্রবন্ধকার/কর্মকর্তাগণের রচিত প্রবন্ধের সার-সংক্ষেপ (abstract) আহ্বান করা হলো। প্রেরিত প্রবন্ধের সার-সংক্ষেপ মনোনীত হলে মূল প্রবন্ধ প্রেরণের জন্য প্রাবন্ধিক অতিরিক্ত ০৭ (সাত) দিন সময় পাবেন।

উক্ত সেমিনারের তথ্য সংবলিত সংযুক্ত চিঠিটি সংশ্লিষ্ট সকলের মধ্যে বিতরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রবন্ধের সার-সংক্ষেপ যথাসময়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৩/০১/২৪

(ড. মোঃ সাহেদুজ্জামান)


উপপরিচালক

(লাইব্রেরি, অনুবাদ সেল, ইউনেস্কো সংক্রান্ত ও সেমিনার)

ও

সদস্য-সচিব, সেমিনার উপকমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদ্‌যাপন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

জাতীয় সেমিনার ২০২৪

প্রতিপাদ্য: তথ্যপ্রযুক্তি এবং বাংলা ভাষার উন্নয়ন ও ব্যবহার

প্রবন্ধের সার-সংক্ষেপ (abstract) আহ্বান

শ্রদ্ধেয় মহোদয়,

আপনি জেনে আনন্দিত হবেন যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আগামী ২৩শে ফেব্রুয়ারি ২০২৪ তারিখে দিনব্যাপী একটি জাতীয় সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। উক্ত সেমিনারের প্রতিপাদ্য 'তথ্যপ্রযুক্তি এবং বাংলা ভাষার উন্নয়ন ও ব্যবহার'।

মূল প্রতিপাদ্যের আলোকে যে সমস্ত বিষয়ে প্রবন্ধ রচনা করা যেতে পারে, সেগুলো নিম্নরূপ:

১. তথ্যপ্রযুক্তি ও বাংলা ভাষা: বর্তমান চিত্র;
২. বানান;
৩. করপাস;
৪. মেশিন ট্রান্সলেশন;
৫. ফন্ট ডেভেলপমেন্ট;
৬. আইপিএ;
৭. সেন্টিমেন্ট অ্যানালাইসিস;
৮. POS ট্যাগিং;
৯. বিবিধ।

জাতীয় সেমিনারের জন্য আগামী ২৯শে জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়সমূহ অবলম্বনে আপনার অথবা আপনার বিভাগ বা প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষক/গবেষক/প্রবন্ধকার/কর্মকর্তাগণের রচিত প্রবন্ধের সার-সংক্ষেপ (abstract) আহ্বান করা হলো। প্রেরিত প্রবন্ধের সার-সংক্ষেপ মনোনীত হলে মূল প্রবন্ধ প্রেরণের জন্য প্রাথমিক অতিরিক্ত ০৭ (সাত) দিন সময় পাবেন।

অনুষ্ঠিতব্য সেমিনারটি সার্থক করার জন্য আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

১৫